

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
(মানিভারিং প্রতিরোধ সেল)

অফিসী

নং-প্রকা/আরএমডি(৩০)/সিসিসি/২০১৮-২০১৯/২১৪০(১২০০)

তারিখঃ ০৯-০৪-২০১৯

- ১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ২। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ব্যাংক কর্তৃক গ্রাহকের মৌলিক তথ্যাদি কেন্দ্রীয়ভাবে সংরক্ষণের লক্ষ্যে ডাটাবেইজ তৈরীর জন্য তথ্য প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উল্লিখিত বিষয়ে অত্র বিভাগের ২৮-০৬-২০১৮, ২৬-০৮-২০১৮, ২৯-১০-২০১৮ ও ১২-১২-২০১৮ তারিখের পত্র নং-যথাক্রমে ২৩১২(১২০০), ২৩১২(১২০০) ৮৪৩(১২০০) ও ১১৩৫ (১২০০) - এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। উক্ত পত্র সমূহের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং নির্দেশনা অনুযায়ী হিসাবধারী গ্রাহকের মৌলিক তথ্য (গ্রাহকের নাম, পিতা-মাতার নাম, ঠিকানা, জন্ম-তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, নমিনীর নাম) কেন্দ্রীয়ভাবে ডাটাবেইজ তৈরী ও সংরক্ষণের লক্ষ্যে প্রয়োজনীয় ডাটাবেইজ তৈরী করার জন্য অন-লাইন শাখা বাদে বাকি সকল অফ-লাইন শাখা থেকে তথ্য সংগ্রহ করার নিমিত্তে একটি Excel ফরমেট মার্চ পর্যায়ের প্রেরণপূর্বক গ্রাহকের মৌলিক তথ্য (গ্রাহকের নাম, পিতা-মাতার নাম, ঠিকানা, জন্ম-তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, নমিনীর নাম) পূরণ করে ৩০-০৯-২০১৮ তারিখের মধ্যে ই-মেইল এর মাধ্যমে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের অনুরোধ করা হয়েছিল। এ পর্যন্ত অধিকাংশ অঞ্চলের বেশীর ভাগ অফ-লাইন শাখার উল্লিখিত ডাটা পাওয়া যায়নি। ৩১-১২-২০১৮ তারিখ ডিডিক ডাটাবেইজ সংরক্ষণের অগ্রগতির প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকে প্রেরণের লক্ষ্যে সকল অফ-লাইন শাখার হিসাবধারী গ্রাহকের মৌলিক তথ্য সংরক্ষণ এর কথা থাকলেও যথাসময়ে তথ্য প্রেরিত না হওয়ায় গত ০৮-০৪-২০১৯ ইং তারিখে পত্র নং বিএফআইইউ(পসিসি)-২৮/২০১৯-৬২ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের বিএফআইইউ হতে উপযুক্ত ব্যাখ্যা প্রদান এর নির্দেশনা সম্বলিত একটি পত্র প্রেরণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, সকল অফ-লাইন শাখা থেকে হিসাবধারী গ্রাহকের মৌলিক তথ্য বিলম্বে প্রেরণের যথাযথ কারণ প্রদর্শন পূর্বক ইতোমধ্যে প্রেরিত Excel ফরমেট এ গ্রাহকের মৌলিক তথ্য (গ্রাহকের নাম, পিতা-মাতার নাম, ঠিকানা, জন্ম-তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, নমিনীর নাম) সম্বলিত তথ্য ই-মেইলের মাধ্যমে আগামী ৩০-০৪-২০১৯ এর মধ্যে পুনঃ আগামী ৩০-০৪-২০১৯ এর মধ্যে অত্র বিভাগে প্রেরণ এর বিষয়টি নিশ্চিত করার জন্য সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে পুনরায় নির্দেশ দেয়া হলো।

০৪। নির্ধারিত সময়ের মধ্যে চাহিত তথ্য প্রেরণ করতে ব্যর্থ হলে সর্বাঙ্গীত সকলের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। বিষয়টি অতীব অফিসী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত



(শেখ মাহমুদ কামাল)
মহাব্যবস্থাপক

ও

প্রধান মানিভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

নং-প্রকা/আরএমডি(৩০)/সিসিসি/২০১৮-২০১৯/২১৪০(১২০০)

তারিখঃ ০৯-০৪-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক (অধ্যক্ষ), স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। নথি/মহানথি।

০৯/০৪/১৯
(মোঃ শহিদুল ইসলাম)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
(বিভাগীয় দায়িত্বে)